কালের কণ্ঠ

তারিখ 28 OCT 2015
পৃষ্ঠা ১৬ কলাম ৮

জাতীয় বিশ্ববিদ্যালয়

# গাজীপুর ক্যাম্পাসে 'ওয়ান স্টপ সার্ভিস সেন্টার' চালু

জাতীয় বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাসে চালু হয়েছে 'ওয়ান স্টপ সার্ভিস সেন্টার'। গতকাল মঙ্গলবার সকালে উপাচার্য অধ্যাপক ড. হারুন-অর-রশিদ এ সেবাকেন্দ্র উদ্বোধন করেন। এ সেবাকেন্দ্রে ছাত্র, শিক্ষক ও অভিভাবকদের নানা ধরনের সহযোগিতা দেওয়া হবে। ফলে এখন থেকে কোনো কাজের জন্য তাদের আর বিভিন্ন দপ্তরে ছোটাছুটি করতে হবে না। উদ্বোধনকালে উপাচার্য বলেন, 'সারা দেশের মতো জাতীয় বিশ্ববিদ্যালয়ও তথ্যপ্রযুক্তিতে দ্রুত এগিয়ে যাচ্ছে। নতুন এ সেবাকেন্দ্র চালুর ফলে বিশ্ববিদ্যালয়ের সেবাব্যবস্থা আরো স্বচ্ছ ও গতিশীল হবে।' সংবাদ বিজ্ঞপ্তি।